

## প্রথম ধাপ

### সরকারের বরাদ্দ ঘোষণা

দুঃস্থ ও বয়স্ক মানুষদের আর্থিক ভাবে সহায়তা করার জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজ কল্যাণ মন্ত্রণালয় হতে জেলা ভিত্তিক অর্থ বরাদ্দ দেয়া হয়। শহর সমাজ সেবা অফিস হতে উপ বরাদ্দ পত্রের মাধ্যমে পৌরসভা/ইউনিয়ন পরিষদকে বিষয়টি অবহিত করা হয়। এই পত্রের মাধ্যমে কতজনকে বয়স্ক ভাতা দেয়া হবে তা উল্লেখ থাকে।

## দ্বিতীয় ধাপ

### দুঃস্থ মানুষদের তালিকা প্রস্তুত

উপ বরাদ্দের চিঠি পাওয়ার পর মেয়র মহোদয় এ বিষয়ে একটি বিশেষ সভা আহবান করেন। সভায় জনপ্রতিনিধিদের কোটা নির্ধারণ করা হয়। নির্ধারিত কোটা অনুযায়ী নির্দিষ্ট সময়ের মধ্যে জনপ্রতিনিধিগণকে তাদের নিজ নিজ এলাকার বয়স্ক ভাতা পাওয়ার উপযোগী মানুষের তালিকা দিতে বলা হয়। জনপ্রতিনিধিগণ তাদের নিজ নিজ এলাকার এরকম মানুষদের চিহ্নিত ও তালিকা প্রস্তুত করে নির্ধারিত দিনের মধ্যে ডেসপাসে জমা দেন।

## তৃতীয় ধাপ

### তালিকা চূড়ান্তকরণ

সম্পূর্ণ তালিকা পাওয়ার পর প্রতিটি ওয়ার্ড কমিটির সভা আহবান করা হয়। সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলরকে সভাপতি করে ৫ / ৭ সদস্য বিশিষ্ট ওয়ার্ড কমিটি গঠিত হয়। সভায় যাঁচাই- বাছাই সম্পন্ন হওয়ার পর তালিকা

চুড়ান্ত করা হয়। এরপর, তালিকাটিশহর সমাজ সেবা অফিসে পাঠিয়ে দেয়া হয়।